

‘আশা ভার্শিটিকে শ্রেষ্ঠ বিদ্যাপীঠে পরিণত করা হবে’

আশা ইউনিভার্সিটি বাংলাদেশকে বিশ্বের অন্যতম, শ্রেষ্ঠ বিদ্যাপীঠে পরিণত করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর অঙ্গীকার করেছেন বিগ্বিবিদ্যালয়টির উপাচার্য প্রফেসর মো. মঈন উদ্দিন খান। গতকাল বিগ্বিবিদ্যালয়টির সামার-২০০৮ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি এই অঙ্গীকার করেন।

ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আশা ইউনিভার্সিটি বাংলাদেশের বোর্ড অফ গভর্নর্সের চেয়ারম্যান মো. সাফিকুল হক চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আশা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর মো. মঈন উদ্দিন খান।

প্রধান অতিথি আশা ইউনিভার্সিটির ছাত্রছাত্রীদের পড়াশোনার প্রতি অধিক মনযোগী হওয়ার আহ্বান জানান, যাতে হবে : ১ পৃ: ১১ ক: ৪

হবে : করা
(১২ পৃষ্ঠার পর)

তার কর্মজীবনে সফল ও সুনামগরিব হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে। উপাচার্য প্রফেসর মো. মঈন উদ্দিন খান আশা ইউনিভার্সিটিতে বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাপীঠে পরিণত করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর অঙ্গীকার ব্যক্ত করেন।

আশার ডেপুটি প্রেসিডেন্ট সাহিবউদ্দিন আহমেদ, আশা ইউনিভার্সিটির রেজিস্ট্রার প্রফেসর ড. সাহিফুদ ইসলাম এবং বারিলা অনুঘদের ডিন প্রফেসর ড. আবদুল আজিজ খান এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সিরাজুল ইসলাম অনুষ্ঠানে বক্তৃতা করেন। সামার-২০০৮ সেমিস্টারের ৪২০ জন ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা অনুষ্ঠানে অংশগ্রহণ করে। সংবাদ বিজ্ঞপ্তি।